অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/26/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গ্রিন কাউন্টিতে 47 কক্ষের জেমস নিউবেরি হোটেল এবং দ্য ওয়্যার ইভেন্ট সেন্টারের শুভ উদ্বোধন উদযাপন করলেন

2 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগ ডাউনটাউন কক্স্যাকিতে পূর্বের ফ্যাক্টরি ভবনসমূহকে পূর্ণাঙ্গ সেবার হোটেল এবং ওয়াটারফ্রন্ট ইভেন্ট স্থানে রূপান্তরিত করে

2022 সালে রেকর্ড ভাঙ্গা ভ্রমণ ও পর্যটক ব্যয়ের পরবর্তীতে নিউ ইয়র্ক পর্যটন শিল্পের সমর্থনে গভর্নরের বিনিয়োগের অনুবর্তী

কক্স্যাকি গ্রাম সম্প্রতি নিউ ইয়র্কের ডাউনটাউনের পুনর্জীবন ত্বরান্বিত করার NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে 4.5 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে

হোটেলের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে গ্রিন কাউন্টির কক্স্যাকিতে জেমস নিউবেরি হোটেল (James Newbury Hotel) এবং দ্য ওয়্যার (The Wire) ইভেন্ট সেন্টারের শুভ উদ্বোধন করা হয়েছে। প্রায় 11 মিলিয়ন মার্কিন ডলারের এই পুনর্গঠন প্রকল্পটি পূর্বের দুইটি ফ্যাক্টরি ভবনকে একটি 47 কক্ষের বুটিক হোটেল এবং একটি 15,000 বর্গফুটের ইভেন্ট স্পেসে পরিণত করে যেখানে একটি ওয়াটারফ্রন্ট বার এবং একাধিক কমিউনিটি কক্ষ রয়েছে, এটি নিউ ইয়র্কের সমৃদ্ধশালী পর্যটন ও আতিথেয়তা শিল্পের সমর্থনে গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী।

"জেমস নিউবেরি হোটেল এবং সমরূপ মনোমুগ্ধকর ইভেন্ট সেন্টার, দ্য ওয়্যার, হলো পুরো নিউ ইয়র্ক এবং সারা বিশ্বের ভ্রমণকারীদের জন্য একটি স্মরণিকা: ডাউনটাউন কক্স্যাকি ব্যবসার জন্য খোলা আছে," **গভর্নর হোকল বলেন।** "দুই দশক ধরে, পুবের জে. জি. নিউবেরি আয়রনওয়ার্কস (J.G. Newbury Ironworks) ফাউন্ড্রি স্থানীয় অর্থনীতিকে চালনা করার সুযোগে পরিপূর্ণ ছিলো, এবং স্টেটের সমর্থনের কল্যাণে, ঐতিহাসিক এই সাইটটি আমাদের স্টেটে অগণিত নতুন ভ্রমণকারীকে স্বাগত জানাতে গ্রিন কাউন্টিকে সাহায্য। করবে। নিউ ইয়র্ক স্টেটের জন্য পর্যটন অত্যাবশ্যকীয়, এবং এই শিল্পখাতকে সচল রাখতে ব্যবসা, আকর্ষণ, এবং কর্মীদের প্রতি বিনিয়োগ করতে আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।"

জেমস নিউবেরি হোটেলটিতে থাকছে 47টি কক্ষ যা হাডসন রিভার ভ্যালিতে এর শেকড়ের প্রতিফলন করার জন্য সজ্জিত করা হয়েছে। হোটেলের সুযোগসুবিধার মধ্যে রয়েছে একটি লবি

বার ও রেস্টুরেন্ট, একটি আউটডোর প্যাটিও, নদীর তীরে বিস্তৃত বৃহৎ লন। একটি মিটিং কক্ষ এবং দুইতলা লাইব্রেরি নিচতলাকে সম্পূর্ণ করে। নভেম্বরের শুরুর দিকে পঞ্চম তলার ছাদের উপরের রেস্টুরেন্ট, ডে লাইন অয়েস্টার বার + কিচেন (Day Line Oyster Bar + Kitchen) খুলে দেওয়া হবে এবং এখানে অনন্য ও ছবির মতো সুন্দর প্যানোর‍্যামিক দৃশ্যসহ ঘরের ভেতরে ও বাইরে খাওয়াদাওয়ার ব্যবস্থা থাকবে।

পাশের একটি সাইটে 15,000 বর্গফুটের একটি ইভেন্ট স্পেস, দ্য ওয়্যার, অবস্থিত, যেখানে আছে একটি বড় বলরুম এবং একটি ওয়াটারফ্রন্ট অ্যাট্রিয়ামসহ একাধিক কক্ষ। ভেন্যুটিতে বিয়ে, ব্যবসায়িক বৈঠক, সম্মেলন এবং ট্রেড শোয়ের মতো বড় ইভেন্ট, সেই সাথে হাডসন ভ্যালি ও ক্যাপিটাল রিজিয়ন সম্প্রদায়সমূহের স্থানীয় ইভেন্ট আয়োজন করা যাবে।

হোটেল এবং ইভেন্ট সেন্টারটি সাইটটি ও অঞ্চলটির শিল্পখাতের শেকড়কে সম্মানসূচক স্বীকৃতি প্রদান করে। 20 শতকের শুরুর দিকে প্রথম নির্মিত ভবন দুইটি জে. জি. নিউবেরি আয়রনওয়ার্কসের একটি ফাউন্ড্রির অংশ ছিলো। পরবর্তীতে, সেগুলি স্টেট ওয়্যার এবং কেবলের অংশ হয়। এই অভিযোজিত পুনর্ব্যবহার প্রকল্পের পূর্বে, ভবন দুইটি কমপক্ষে 20 বছর খালি পড়ে ছিলো। প্রকল্পটি ক্যাপিটাল রিজিয়ন অর্থনৈতিক বিকাশ পরিষদের (Capital Region Economic Development Counci, CREDC) সুপারিশে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের 2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দ্বারা সমর্থিত হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "হাডসন রিভার হলো নিউ ইয়র্ক স্টেটের সব থেকে সুন্দর সম্পদগুলির একটি এবং এর তীরে অবস্থিত নতুন জেমস নিউবেরি হোটেলকে সমর্থন করতে পেরে আমরা আনন্দিত। স্থানীয় চাকরিকে সমর্থন, পুরো বিশ্ব থেকে বাসিন্দা ও ভ্রমণকারীদের আকৃষ্ট করা, স্থানীয় অর্থনীতির বিকাশ করার একটি ভেন্যু সৃষ্টির মাধ্যমে নতুন ভেন্যুটি কক্সাকির ওয়াটারফ্রন্ট এলাকায় পুনর্জীবিত করতে সাহায্য করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন, "জেমস নিউবেরি হোটেল এবং ওয়্যার ইভেন্ট সেন্টার হলো পুরো হাডসন, ক্যাটস্কিলস এবং ক্যাপিটাল রিজিয়নজুড়ে থাকা বিশ্বমানের লজিং ও অনন্য ইভেন্ট ভেন্যুগুলির সাথে দারুণ সংযোজন। একত্রে নতুন এই ফ্যাসিলিটিগুলি, পানাহার ও বসবাস, এবং বৈঠক, সম্মেলন ও বিশেষ ইভেন্টে অংশগ্রহণ করতে আগ্রহী ভ্রমণকারীদের সেবাদান করবে, নিউ ইয়র্ক স্টেটকে ভালোবাসা কতটা সহজ তা দেখার জন্য তাদের একটি নিখুঁত সুযোগ প্রদান করবে।"

ফ্ল্যাক ডেভেলপমেন্ট অ্যান্ড রিয়েলটি, ইনকর্পোরেটেডের (Flach Development & Realty, Inc.) প্রিন্সিপ্যাল অ্যারন ফ্ল্যাক বলেন, "কক্সাকির ঐতিহাসিক ডাউনটাউনের পুনর্জীবনে তাদের সমর্থনের জন্য কক্সাকি সম্প্রদায়, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ।"

গভর্নর হোকল নিউ ইয়র্কের পর্যটন শিল্পখাতকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছেন, এটি স্টেটের অর্থনীতির একটি মুখ্য চালিকাশক্তি। গভর্নর সম্প্রতি নিউ ইয়র্ক স্টেটে রেকর্ড ভাঙ্গা

ভ্রমণ ও পর্যটন ব্যয় ঘোষণা করেছেন, 2022 সালে এখানে 291 মিলিয়ন ভ্রমণকারী সরাসরি 78.6 বিলিয়ন মার্কিন ডলার ব্যয় করেছে। 2021 সালের শেষের দিকে, গভর্নর হোকল "পর্যটন ফেরত আনুন, চাকরি ফেরত আনুন" পুনরুদ্ধার প্যাকেজের সূচনা করেন,এটি হলো পর্যটন শিল্পখাতের কর্মীদের সমর্থন, ক্ষুদ্র ব্যবসা সমর্থন কর্মসূচি এবং নিউ ইয়র্কে নতুন ও অনন্য ইভেন্ট নিয়ে আসার জন্য একটি নজিরবিহীন 450 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ। এছাড়াও পুরো নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণকে উৎসাহিত করতে গভর্নর একটি বলিষ্ঠ আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY) মার্কেটিং প্রয়াসের ঘোষণা করেছেন, এবং পর্যটন সম্পর্কটি মার্কেটিং প্রয়াস ও মূলধন প্রকল্পের জন্য পর্যটন সংগঠন ও ভেন্যুকে বহু মিলিয়ন মার্কিন ডলারের প্রত্যক্ষ সমর্থন প্রদান করেছেন।

কক্সাকি গ্রাম সম্প্রতি NY ফরোয়ার্ডের (NY Forward) মাধ্যমে 4.5 মিলিয়ন মার্কিন ডলার অর্থলাভ করেছে, এটি নিউ ইয়র্কের ডাউনটাউনসমূহের পুনর্জীবন ত্বরান্বিত ও সম্প্রসারিত করার জন্য স্টেটের অর্থনৈতিক বিকাশ প্রয়াসের একটি কেন্দ্রীয় অংশ। NY ফরোয়ার্ড ঐতিহাসিক চরিত্রসম্পন্ন ক্ষুদ্রতর সম্প্রদায়সমূহকে সেবাদান করে যা ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative) মাধ্যমে তহবিলপ্রাপ্ত অপেক্ষাকৃত বড়, আরো শহুরে কেন্দ্রীয় ব্যবসায়িক জেলা থেকে ভিন্ন।

CREDC সহপ্রধান, NBT ব্যাংকের (NBT Bank) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট রুথ ম্যাহোনি এবং অ্যালবানি ইউনিভার্সিটির (University at Albany) প্রেসিডেন্ট ডাঃ হাভিদান রড্রিগেজ বলেন, "ঐতিহাসিক ডাউনটাউন থেকে শুরু করে মনোমুগ্ধকর ওয়াটারফ্রন্ট পর্যন্ত, আমাদের অনন্য আঞ্চলিক সম্পদকে ভ্রমণকারী ও বাসিন্দা সকলের জন্য গন্তব্যে পরিণতকারী প্রকল্পসমূহকে সমর্থন ও সেগুলিতে কৌশলী বিনিয়োগ করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। জেমস নিউবেরি হোটেল এবং দ্য ওয়্যার ইভেন্ট সেন্টার এই ভবনগুলিতে নতুন প্রাণসঞ্চার করবে এবং কক্সাকির ডাউনটাউনে চাকরি ও শক্তি যোগ করবে, এবং বৃহত্তর অর্থনীতির বিকাশ করবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টোফার ট্যাগ বলেন, "অতি প্রয়োজনীয় এই প্রকল্পটি কক্সাকির জন্য ইতিমধ্যেই অনেক কিছু করছে। হোটেল এবং ইভেন্ট সেন্টার চাকরি প্রদান করে, স্থানীয় ব্যবসাকে সমর্থন করে, পর্যটকদের আকৃষ্ট করে, অর্থনীতির সম্পূরক হয় এবং ঐতিহাসিক ডাউনটাউনকে পুনর্জীবিত করে। আমাদের ছোট আপস্টেট টাউনকে এই পথ কোথায় নিয়ে যায় তা দেখার জন্য আমি উৎসুক।"

কক্সাকি টাউনের সুপারভাইজার রিচার্ড হান্সে বলেন, "দ্য ওয়্যার ইভেন্ট সেন্টার এবং জেমস নিউবেরি হোটেল হলো কক্সাকির রিড স্ট্রিট ঐতিহাসিক জেলার পুনরুজ্জীবনের জন্য মুখ্য। এগুলি আমাদের স্থানীয় খুচরা বিক্রেতাদের জন্য পৃষ্ঠপোষকতা বৃদ্ধি করবে এবং ভ্রমণকারীদের কক্সাকির রিভারফ্রন্ট ও গ্রামীণ সম্প্রদায়সমূহের সৌন্দর্যের সাথে পরিচিত করবে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন